# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) সমগ্র রাজ্যের সঙ্গে কাছাড় জেলায়ও আজ পঞ্চায়েত নির্বাচনের জন্য দাখিল করা মনোনয়নপত্র পরীক্ষার কাজ অব্যাহত ।

২) চার বছরের ( F Y U G ) স্নাতক পাঠ্যক্রম এবং ৫ বছরের সংযুক্ত স্নাতকোত্তর পাঠ্যক্রমে নাম ভর্তির জন্য 'সমর্থ' পোর্টাল আজ থেকে চালু ।

৩) বরাক উপত্যকা ভাষা ও সংস্কৃতির গৌরব সংরক্ষণ এবং এই অঞ্চলের বহুভাষিক ও বৈচিত্রময় সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের উদ্দেশ্যে বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের উদ্যোগে আগামী পয়লা বৈশাখ শিলচরে বর্ণাঢ্য শোভাযাত্রা/

এবং

৪) বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা ( বাকস ) পরিচালিত মিডিয়া ক্রিকেট ফেষ্টের আগামীকাল অনুষ্ঠেয় ফাইনালে নববার্তা মিডিয়া ওয়ারিয়ার্স হাইলাকান্দি খবর হিরোজের মুখোমুখী/

---------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য গতকাল মনোনয়ন পত্র দাখিল করার কাজ সমাপ্ত হওয়ার পর কাছাড় জেলার জিলা পরিষদ সদস্যদের দাখিল করা মনোনয়ন পত্র সমূহ জেলা আয়ুক্তের পুরনো সম্মিলন কক্ষে অতিরিক্ত জেলা আয়ুক্ত

অন্তরা সেনের নেতৃত্বে পুঙ্খানুপুঙ্খভাবে খতিয়ে দেখার কাজ অব্যাহত রয়েছে । মনোনয়ন পত্র সমূহ পরীক্ষা করার কাজে বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকরা যুক্ত রয়েছেন । উল্লেখ্য যে এই কাজে সম্পূর্ণ নিরপেক্ষতা বজায় রাখা ছাড়াও অবাধ ও সুষ্ঠ নির্বাচন নিশ্চিত করতে ইতিমধ্যেই নির্বাচন পর্যবেক্ষক ইন্দ্রানী লস্কর এবং হানিফ নোরানী জেলায় উপস্থিত হয়ে সার্বিক পর্যপেক্ষণ করা ছাড়াও নির্বাচনী আচরণবিধি বজায় রাখার প্রতি সতর্ক দৃষ্টি রেখে চলেছেন । প্রার্থীরা মনোনয়নপত্র জমা দেবার ক্ষেত্রে রাজ্য সরকার প্রদত্ব প্রত্যেকটি নীতি-নির্দেশিকা পালন করেছেন কি না সেই বিষয়টির প্রতি নির্বাচন পর্যবেক্ষক বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । এদিকে মনোনয়নপত্র পরীক্ষার কাজ সুইষ্ঠভাবে সম্পন্ন করতে কাছাড়ের অতিরিক্ত আয়ুক্ত কিমচিন লানগুম প্রশাসনিক সবধরণের সহযোগিতা প্রদান করছেন । মনোনয়নপত্র পরীক্ষার কাজ সম্পন্ন হওয়ার পরই জেলায় জিলা পরিষদ আসনে মোট কতজন প্রার্থী প্রতিদ্বন্দিতা করবেন তা স্পষ্ট হবে । অন্যদিকে কাছাড় জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্ঠভাবে সম্পন্ন করতে রাজ্য সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব তথা নির্বাচন পর্যবেক্ষক ইন্দ্রানী লস্কর আজ বিভিন্ন বিভাগের অধিকারীক ও কর্মচারীদের নিয়ে পর্যায়ক্রমে বেশ কয়েকটি উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হওয়া ছাড়াও নির্বাচনী প্রক্রিয়ার সঙ্গে যুক্ত কয়েকটি স্থান পরিদর্শন করেছেন । এই অনুসারে শ্রীমতী লস্কর আজ শিলচর রামনগরের আন্ত-রাজ্য বাস টার্মিনাস ( আই এস বি টি ) পরিদর্শন করে সেখানের প্রস্তাবিত ষ্ট্রং-রুম স্থাপন করার বিষয়টি পর্যালোচনা করেছেন । একই সঙ্গে নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে যুক্ত ব্যালট বাক্স , ব্যালট পেপার , ভোটার তালিকা সহ অন্যান্য গুরুত্বপূর্ণ সামগ্রী রাখার জন্য প্রস্তাবিত কক্ষগুলির নিরাপত্তা সহ অন্যান্য দিকগুলিও তিনি সরজমিনে পর্যবেক্ষণ করেছেন । নির্বাচন পর্যবেক্ষক ইন্দ্রানী লস্করের সঙ্গে কাছাড়ের দুই অতিরিক্ত আয়ুক্ত যুবরাজ বরঠাকুর এবং কিমছিন লানগুম উপস্থিত ছিলেন । শ্রীমতী লস্কর গতকালও কাছাড়ের আয়ুক্ত কার্যালয়ের সম্মিলন কক্ষে বিভিন্ন বিভাগের উচ্চ-পদস্থ আধিকারিকদের সঙ্গে পৃথক পৃথক বৈঠকে মিলিত হয়ে আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ভোট গ্রহণ করার জন্য পোলিং বুথের প্রস্তুতি , ভোট গ্রহণের জন্য সরকারী দল গঠন ,

ভোটদাতাদের জন্য প্রয়োজনীয় সুবিধা প্রদানের ব্যবস্থা এবং বিশেষভাবে নির্বাচনী আচরণবিধি ইত্যাদি নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আজ এই জেলার সব রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে প্রশাসনের এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । নির্বাচনী কাজে নিয়োজিত সেক্টর অফিসারদের দেওয়া বিস্তারিত রিপোর্টের ভিত্তিতে সমগ্র কাছাড় জেলার ভোটগ্রহণ কেন্দ্রগুলির তালিকা চূড়ান্ত করার উদ্দেশ্যে এই উচ্চপর্যায়ের বৈঠকের আয়োজন করা হয় । এতে জেলা আয়ুক্ত শ্রী যাদব নির্বাচনের জন্য প্রয়োজনীয় যানবাহনের প্রস্তুতির বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন । এই বৈঠকে সব রাজনৈতিক দলগুলির কাছে এই পঞ্চায়েত নির্বাচনে স্বচ্ছতা বজায় রাখা এবং সহযোগিতার আহ্বান জানানো হয় ।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার পঞ্চায়েত নির্বাচনের জন্য আগামী দোসরা এবং সাতই মে স্থানীয় বন্ধের দিন ঘোষণা করেছেন । এই সম্পর্কে জারি করা বিজ্ঞপ্তি অনুসারে আগামী দোসরা মে রাজ্যের ১৪টি জেলায় এবং সাতই মে ১৩টি জেলায় স্থানীয় ছুটি থাকবে । প্রথম পর্যায়ে বরাক উপত্যকার তিন জেলা কাছাড়, শ্রীভূমি এবং হাইলাকান্দি সহ আরো এগারোটি জেলায় পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । এর পরিপ্রেক্ষিতে আগামী দোসরা মে বরাক উপত্যকার তিন জেলায় স্থানীয় ছুটি থাকবে ।

---------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত নির্বাচনের জন্য রাজ্যের বিভিন্ন প্রান্তে দলের হয়ে প্রচার চালানোর জন্য বিজেপি চল্লিশ জন তারকা নির্বাচনী প্রচারক বা স্টার ক্যাম্পেইনার'এর নাম প্রকাশ করেছে । দলের পক্ষ থেকে প্রকাশ করা তালিকায় যারা রয়েছেন, তাদের মধ্যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, বিজেপি'র রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া, কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা, কামাখ্যা প্রসাদ তাসা, রঞ্জিত দত্ত, ভূবনশ্বের কলিতা, প্রদান বড়ুয়া, বিজুলী কলিতা মেধি, রামেশ্বর তেলী সহ রাজ্যের বেশকয়েকজন মন্ত্রী এবং দলীয় নেতার নাম রয়েছে । বরাক উপত্যকা থেকে যাদের নাম এই তালিকায় রয়েছে তারা হচ্ছেন- লোকসভার দুজন সাংসদ কৃপানাথ মালা ও পরিমল শুক্লবৈদ্য, রাজ্যসভার সাংসদ মিশন রঞ্জন দাস, প্রাক্তন সাংসদ ডাঃ রাজদীপ রায়, রাজ্যের দুই মন্ত্রী কৌশিক রাই এবং কৃষ্ণেন্দু পাল ।

---------------------------------------------------------------------------------------

চার বছরের স্নাতক পাঠ্যক্রম এবং পাঁচ বছরের সংযুক্ত স্নাতকোত্তর পাঠ্যক্রমে ভর্তির জন্য আসাম সরকারের উচ্চশিক্ষা বিভাগ 'সমর্থ' পোর্টাল চালু করেছে । ইচ্ছুক শিক্ষার্থীরা নিজেদের নাম ভর্তির জন্য এই পোর্টালের মাধ্যমে পঞ্জীয়ন করতে পারবে । পোর্টালে ছাত্রছাত্রীরা দ্বাদশ শ্রেনীর ফলাফল ঘোষণার পরই শিক্ষাপ্রতিষ্ঠান অথবা

পাঠ্যক্রম বাছাই করতে পারবে । শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে আগামী পাঁচই মে'র মধ্যে তাদের প্রোসপ্রেক্টাস সমূহ পোর্টালে আপলোড করতে হবে । পোর্টালে আবেদন করার জন্য ছাত্রছাত্রীরা সরকারী অনুমোদিত নথিপত্রই কেবলমাত্র ব্যবহার করতে পারবে । আবেদন করার জন্য ছাত্রছাত্রীদের কোনোধরণের পঞ্জীয়ন মাশুল দিতে হবে না । রাজ্য সরকারের নির্ধারণ করে দেওয়া অনুমোদিত ভর্তি মাশুলই শুধু দিতে হবে । পরবর্তী সময়ে এই পোর্টালেই ভর্তির তারিখ ঘোষণা করা হবে ।

------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার ভাষা ও সংস্কৃতির গৌরব সংরক্ষণ এবং এই অঞ্চলের বহুভাষিক ও বৈচিত্রময় সাংস্কৃতিক ঐতিহ্যকে উদযাপনের উদ্দেশ্যে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শিলচর শহর আঞ্চলিক সমিতি ১৪৩২ বঙ্গাব্দ, নববর্ষকে স্বাগত জানাতে এবারে বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করছে । আজ শিলচর বঙ্গ ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আয়োজকদের পক্ষ থেকে একথা জানিয়ে আরো বলা হয় যে- প্রতিবছর প্রেক্ষাগৃহে সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমেই নববর্ষ উদযাপন করা হয় । এবছর সেই গন্ডি পেরিয়ে বরাক উপত্যকার সংস্কৃতি, ঐতিহ্য এবং ঐক্যকে সর্বজনীন করে তোলার লক্ষ্যে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে । আগামী পয়লা বৈশাখ অর্থাৎ ১৫ই এপ্রিল মঙ্গলবার সকাল সাড়ে ছ'টায় শিলচর জেলা ক্রীড়া সংস্থার প্রাঙ্গণ থেকে এই শোভাযাত্রা আরম্ভ হবে । এটি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পরে বঙ্গ ভবনে এসে শেষ হবে ।

সম্মেলনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক গৌতম প্রসাদ দত্ত বলেন যে- বর্তমান সময়ে যখন সমাজে বিভাজনের ধারা প্রবল, তখন এই শোভাযাত্রা বাঙালি জাতিসত্তার পক্ষে এক দৃঢ় বার্তা নিয়ে আসবে ।
সম্মেলনের কাছাড় জেলা কমিটির সভাপতি সঞ্জীব দেবলস্কর তার বক্তব্যে বরাক উপত্যকার সরকারি দপ্তরগুলিতে ভাষা আইনের প্রতি চরম অবহেলার অভিযোগ করে একাদশ ভাষা শহিদের এই শহরে বিস্মৃতির চেতনাকে পুনরায় জাগ্রত করার উদেশ্যে এই শোভাযাত্রার আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করেন ।

------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা (বাক্স) পরিচালিত মিডিয়া ক্রিকেট ফেস্ট'এর ফাইনালে উঠেছে নববার্তা মিডিয়া ওয়ারিয়ার্স এবং হাইলাকান্দি খবর হিরোজ । আজ অনুষ্ঠিত এই প্রতিযোগিতার সেমিফাইনালে হাইলাকান্দি খবর হিরোজ বরাক বুলেটিন প্রেস স্ট্রাইকার্সকে পরাজিত করেছে । এদিকে অপর সেমি ফাইনালে অটল প্রেস

ফাইটার্সকে হারিয়ে নববার্তা মিডিয়া ওয়ারিয়ার্স বিজয়ী হয়েছে । আজ অনুষ্ঠিত দুটি সেমি ফাইনালের মধ্যে সকালে হাইলাকান্দি খবর হিরোজ এবং বরাক বুলেটিন প্রেস স্ট্রাইকার্সের মধ্যে খেলা হয়েছে । বৃষ্টির জন্য মাঠের আউট ফিল্ডে জল থাকায় আম্পায়ার ১৫ ওভারের পরিবর্তে ১২ ওভারে ম্যাচ আয়োজনের সিদ্ধান্ত নেন । টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে হাইলাকান্দির দল ১২ ওভারে ছয় ইউকেট হারিয়ে ১১৬ রান সংগ্রহ করে । জবাবে খেলতে নেমে বরাক বুলেটিন দল নির্ধারিত ওভারে পাঁচ উইকেটে ১০২ রান সংগ্রহ করতে সমর্থ হয় । অপর খেলায় আজ বিকেলে অটল প্রেস ফাইটার্স টসে জিতে ব্যাট করার সিদ্ধান্ত নেয় । নির্ধারিত ১৫ ওভারে তারা ৭ উইকেটে ১০৬ রান করে । এর জবাবে নববার্তা দল মাত্র তিন উইকেটে নির্ধারিত রান সংগ্রহ করে নেয় ।
আগামীকাল সকাল এগারোটায় শিলচরের সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামে এই প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে ।

------------------------------------------------------------------------------------------------

ধর্মীয় উৎসাহ উদ্দিপনার মাধ্যমে দেশের বিভিন্ন অংশের সঙ্গে আজ শিলচরেও হনুমান জয়ন্তী মহোৎসব পালন করা হয় । এই উপলক্ষে অন্যান্য বছরের মত হনুমান ধাম সেবা সমিতির উদ্যোগে আজ ধর্মীয় শোভাযাত্রা সহ বিভিন্ন কার্যসূচি পালন করা হয় । ভোর থেকেই মন্দির প্রাঙ্গনে ভজন-কীর্তন , হোমযজ্ঞ , মঙ্গলারতি পূজার্চনা অনুষ্ঠিত হয় । সকালের বর্ণাঢ্য শোভাযাত্রায় অসংখ্য মানুষ অংশ গ্রহণ করেন এতে সুসজ্জিত ট্যাবলোতে শিশুদের রাম , সীতা , লক্ষণ ও হনুমানের রূপে সজ্জিত করে শিলচর শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করা হয় । সবশেষে তারাপুর হনুমান ধামে গিয়ে শোভাযাত্রাটি শেষ হয় ।

------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহবিদ্যালয়ে আজ ইকো ক্লাবের ব্যাবস্থাপনায় কেচো সার , কঠিন বর্জ্য ব্যবস্থাপনা এবং বৃষ্টির জল সংগ্রহের ওপর একদিবসীয় একটি কর্মশালা অনুষ্ঠিত হয় । টেকসই বর্জ্য ব্যবস্থাপনা এবং জল সংরক্ষণ কৌশল সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং ব্যবহারিক জ্ঞান প্রদানের লক্ষ্যে এই কর্মশালার আয়োজন করা হয় । কর্মশালায় মূল বক্তব্য রাখেন মহাবিদ্যালয়ের উদ্ভিদবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর বিভাষ রাজকুমার এবং রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর অভিজিৎ শ্যাম ।

------------------------------------------------------------------------------------------------